

ধন্য অন্নপূর্ণা হেন পুত্র পেল কোলে।  
 দ্বাপরে যশোদা যিনি ছিলেন গোকুলে।।  
 দ্বাপরে ছিলেন নন্দ যশোদার কান্ত।  
 যশোমতী-কান্ত এবে হ'ল যশোবন্ত।।  
 ধরা-দ্রোণ দুইজন তস্য পূর্বে ছিল।  
 নন্দ যশোমতী তেঁই দ্বাপরে হইল।।  
 কলিকালে জগন্নাথ মিশ্র শচীরাগী।  
 এবে যশোবন্ত অন্নপূর্ণা ঠাকুরাগী।।  
 ধন্য রামকান্ত সাধু ধন্য এ জগতে।  
 প্রভু আসি জনমিল যাঁহার বরেতে।।  
 প্রভুর জনমখণ্ড সুখা হ'তে সুখা।  
 কহিছে রসনা খেলে খণ্ডে ভবক্ষুধা।।



### মায়াত্যাগী হরিভক্তি

যশোবন্ত ঠাকুরের সাধু সেবায় ঐকান্তিকতা

তস্য পরে জনমিল শ্রীবৈষ্ণব দাস।  
 বৈষ্ণব দাসের পরে জন্মে গৌরিদাস।।  
 সবার কনিষ্ঠ হ'ল শ্রীশ্বরদপদাস।  
 জগৎ পবিত্র কৈল হইয়া প্রকাশ।।  
 ত্রেতাযুগে প্রকাশ হইল চারি অংশে।  
 এবে এসে প্রকাশ হইল পঞ্চ অংশে।।  
 যশোবন্ত সদা দেন বৈষ্ণব ভোজন।  
 একদিন শুন এক আশ্চর্য ঘটন।।  
 একাদশী দিনে সব বৈষ্ণব আসিল।  
 কৃষ্ণ প্রেমানন্দে হরি বাসর করিল।।  
 নাম-সংকীর্ণনে মত্ত বৈষ্ণবের দল।  
 সঙ্গে সঙ্গে যশোবন্ত বলে হরিবল।।  
 বয়সে বৈষ্ণবদাস চারিবর্ষ হয়।  
 একাদশী দিনে কিছু জ্বর আছে গায়।।

পারণা দিবসে হরি বাসর প্রভাতে।  
 পুকুরের ঘাটে গেল হাঁটিতে হাঁটিতে।।  
 পুকুরের জলে পড়ি মরিল বালক।  
 এদিকে বৈষ্ণবগণ প্রেমেতে পুলক।।  
 দেবী অন্নপূর্ণা দেখি কাঁদিয়া উঠিল।  
 যশোবন্ত এসে মুখ চাপিয়া ধরিল।।  
 'কান্না শুনি বৈষ্ণবের সুখ ভঙ্গ হ'বে।  
 না হ'বে বৈষ্ণব সেবা সব বৃথা যাবে।।  
 মরেছে বালক যদি এখানে থাকুক।  
 অথ্রে সব বৈষ্ণবের পারণা হউক।।'  
 মরা পুত্র যশোবন্ত গৃহে রাখে সেরে।  
 বৈষ্ণবের সঙ্গে গিয়া হরিনাম করে।।  
 নাম-সংকীর্ণনে-মত্ত বৈষ্ণবের দল।  
 সঙ্গে সঙ্গে যশোবন্ত বলে হরিবল।।  
 নাম-সংকীর্ণন হ'ল পারণা হইল।  
 সবে ভোগ দরশন করিতে আসিল।।  
 মৃত পুত্র শিরে করি নাচিছে সুধীর।  
 অন্নপূর্ণা দেবী তাহে কাঁদিয়া অস্থির।।  
 যশোবন্ত বলে 'তুমি কাঁদ কেন মিছে?  
 বৈষ্ণব সেবার কালে বালক মরেছে।।  
 ধন্য-রত্নগর্ভা তুমি তোমার উদরে।  
 এহেন বালক জন্মে আমাদের ঘরে।।  
 হেন ভাগ্য কা'র হয় জনম লইয়া।  
 বৈষ্ণব সেবায় মরে কীর্ণন শুনিয়া?  
 বৈষ্ণব হইয়া বরং বাঁচে পঞ্চদিন।  
 বৃথা সহস্রেক কল্প হরিভক্তিহীন'।।  
 সকল বৈষ্ণব সেবা হইল স্বচ্ছন্দ।  
 মৃতপুত্র তথা আনি বাড়িল আনন্দ।।  
 মৃতপুত্র শিরে নাচে পুলক শরীর।  
 বৈষ্ণবেরা বলে কি হইল সাধুজীর?'  
 এক সাধু বলে 'শুন যত সাধুগণ।  
 কি কহিব সাধুজীর মরিল নন্দন'।।